

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৪

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ৪৫. আল্লাহর রাস্তায় কোনো কিছু দান করলে

باب إِذَا أُوْصَى بِشَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ مُوسَى بْنِ عُبَيْدَةً عَنْ وَاقِدِ بْنِ مُحَمَّدِ بْنِ زَيْدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّ رَجُلًا أَوْصَى بِمَالِهِ فِي سَبِيلِ اللَّهِ فَسَأَلَ الْوَصِيُّ عَنْ ذَلِكَ عُمَرَ فَقَالَ اللَّهِ بْنِ عُمَّالُ اللَّهِ قَالَ حَاجُّ بَيْتِ اللَّهِ

বাংলা

৩৩৪৪. ওয়াকিদ ইবনু মুহাম্মদ ইবনু যাইদ ইবনু আব্দুল্লাহ ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, এক ব্যক্তি তার কিছু সম্পদ আল্লাহর রাস্তায় দান করার ওয়াসীয়াত করেন। এরপর ওয়াসীয়াতকারী ব্যক্তি উমার রাদ্বিয়াল্লাহু আনহু কে এ ব্যাপারে জিজ্ঞাসা করলে তিনি বলেন, আল্লাহর (রাস্তার) কর্মে নিয়োজিত ব্যক্তিকে তুমি তা দিয়ে দাও।' সে বললো, আল্লাহর (রাস্তার) কর্মে নিয়োজিত ব্যক্তি কে? তিনি বললেন, বায়তুল্লাহর হাজ্জ সম্পাদনকারী।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সন্দ যয়ীফ মুসা ইবনু উবাইদাহ আররাবিষীর দুর্বলতার কারণে।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/১৮০ নং ১০৮৮৬।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন